মন্ত্রিপরিষদ বিভাগের অক্টোবর ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**
প্রতিবেদনাধীন মাসের নাম: **অক্টোবর ২০১৬** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৩ নভেম্বর ২০১৬**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৫	২০৮	৩৭
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯১১	২১৯
মোট	**১,৫০৯**	**১,১১৯**	**২৫৬**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৪	১৪	১০	০৯	৩৭
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৫	৩৩	১৩৮	০৩	২১৯*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	২৭-২৯ অক্টোবর ২০১৬ মেয়াদে সরকারি সফরে পটুয়াখালী ও বরিশাল জেলা সফর করেন।		-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬	০.২৩ (৩.৯২%)	-	-	-
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০.০৪	ব্যয়: ০.৭৭৪৫ (৯.৫৭%) ০.০০৩৭ (৯.২৫%)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৮০	৪.৯০ (২৪.৭৪%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩২টি**	**৯৮৩.৫১৪**	**০৪**	**-**	**৩২টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১৪	-	-	-	০১	১৩	০৮

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Participation in the Civil Registration Vital Statistics (CRVS) training স্থান: অস্ট্রেলিয়া	২৪-২৬ অক্টোবর ২০১৬	মন্ত্রিপরিষদ বিভাগ	**একজন** অতিরিক্ত সচিব
	২।	পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট স্থান: ঢাকা	১৬-২০ অক্টোবর ২০১৬	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)	**দুইজন** সিনিয়র সহকারী সচিব
	৩।	পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট স্থান: ঢাকা	২৩-২৭ অক্টোবর ২০১৬	বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)	**তিনজন** ১। উপসচিব ২। সিনিয়র সহকারী সচিব ৩। মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার
দুর্নীতি দমন কমিশন	১।	রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স, ২০১৬	১৬-২০ অক্টোবর ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২০ জন
	২।	দাপ্তরিক কাজে ও যোগাযোগ প্রক্রিয়ায় বাংলা ভাষার ব্যবহার	১৬-২০ অক্টোবর ২০১৬	আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট	দুইজন
	৩।	ব্যাংকিং কার্যক্রমের উপর প্রশিক্ষণ	১৬-২৭ অক্টোবর ২০১৬	সোনালী ব্যাংক	১৫ জন
	৪।	নাগরিক সেবায় উদ্ভাবন	২৩-২৭ অক্টোবর ২০১৬	প্রধানমন্ত্রীর কার্যালয়	পাঁচ জন
	৫।	১০২তম জুনিয়র সিকিউরিটি কোর্স-২০১৬	২৩ অক্টোবর ২০১৬ হতে দুই সপ্তাহ	জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর	একজন
	৬।	দুর্নীতি প্রতিরোধ বিষয়ের উপর প্রশিক্ষণ	৩০ অক্টোবর ২০১৬ হতে ০৩ নভেম্বর ২০১৬ পর্যন্ত	GIZ	২২ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: একজন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ১২টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দু'টি সভা অনুষ্ঠিত হয়।

(২) ০২ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ জাতীয় সংরক্ষণ কৌশলপত্র (Bangladesh National Conservation)-এর খসড়া চূড়ান্তকরণের নিমিত্ত মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে ৫০টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ১৮টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ৩২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৪) ২৭ অক্টোবর ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ৪০টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত পাঁচটি পত্র জারি করা হয়।

(৬) উত্তরা গণভবন সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৬-১৭ অর্থ-বছরের বাজেটের '৪৮৯৯-অন্যান্য ব্যয়' উপখাতে বরাদ্দকৃত অর্থ থেকে প্রথম ও দ্বিতীয় কোয়ার্টারের জন্য মোট ১২,০০,০০০.০০ টাকার সরকারি মঞ্জুরি জ্ঞাপন করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, নাটোর ও প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৭) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৬-১৭ অর্থ-বছরের বাজেট বাস্তবায়ন পরিকল্পনা এবং প্রথম কোয়ার্টারের বাজেট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনপূর্বক অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

(৮) President's Pension Ordinance,1979 (Ordinance No. XVIII of 1979)-এর বিষয়বস্তু বিবেচনাক্রমে উল্লিখিত অধ্যাদেশটি পরিমার্জনপূর্বক বাংলা ভাষায় নতুনভাবে 'রাষ্ট্রপতির অবসরভাতা, আনুতোষিক ও অন্যান্য সুবিধা আইন, ২০১৬' প্রণীত হয়। আইনটি ০৪ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদে পাস হয় এবং ১৩ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৯) নারীর ক্ষমতায়নে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে জাতিসংঘের নারী বিষয়ক সংস্থা ইউএন-উইমেন কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'প্ল্যানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন' এবং গ্লোবাল পার্টনারশিপ ফোরাম কর্তৃক 'এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড' পুরস্কারে ভূষিত করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর 'প্ল্যানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন' এবং 'এজেন্ট অব চেঞ্জ অ্যাওয়ার্ড' অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৩ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

(১০) তথ্যপ্রযুক্তির জগতে বাংলাদেশের সুসংহত অবস্থান সুনিশ্চিতকরণে দূরদর্শী ও সুদূরপ্রসারী উদ্যোগ গ্রহণের স্বীকৃতিস্বরূপ প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব আহমেদ ওয়াজেদকে ১৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখে 'আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড-২০১৬'-তে ভূষিত করা হয়। চারটি খ্যাতনামা প্রতিষ্ঠান-ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব গভর্নেন্স এন্ড কম্পিটিটিভনেস; দ্য প্লান ট্রিফিনিও; দ্য গ্লোবাল ফ্যাশন ফর ডেভেলপমেন্ট এবং যুক্তরাষ্ট্রের নিউ হেভেন বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস সম্মিলিতভাবে নিউ ইয়র্কে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে জনাব সজীব আহমেদ ওয়াজেদকে এই পুরস্কার প্রদান করে। 'আইসিটি ফর ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড-২০১৬' অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী এবং তাঁর সুযোগ্য পুত্র এবং প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব

আহমেদ ওয়াজেদকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৩ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

(১১) ১০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ সকালে গাজীপুর জেলার টঙ্গী বিসিক শিল্পনগরীতে ট্যাম্পাকো ফয়েলস কারখানায় বয়লার বিস্ফোরণের ফলে সৃষ্ট ভয়াবহ অগ্নিকাণ্ডে ৩৯ জন নিহত এবং ৩৬ জন আহত হন। তন্মধ্যে শনাক্তকৃত ৩১টি মৃতদেহ নিকটাত্মীয়দের নিকট হস্তান্তর করা হয়। আহত ব্যক্তিগণ বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। দেশবাসীর সঙ্গে একাত্ম হয়ে এ মর্মান্তিক দুর্ঘটনায় নিহত ব্যক্তিগণের জন্য গভীর শোক ও দুঃখ প্রকাশ এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে, তাঁদের শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে এবং আহত ব্যক্তিবর্গের দ্রুত সুস্থতা কামনা করে মন্ত্রিসভার ০৩ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

(১২) বাংলা সাহিত্যের উজ্জ্বল নক্ষত্র এবং সব্যসাচী লেখক সৈয়দ শামসুল হক ২৭ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। সৈয়দ শামসুল হকের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৩ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

(১৩) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভারতের গোয়ায় অনুষ্ঠেয় 'BRICS-BIMSTEC Outreach Summit'-এ যোগদান উপলক্ষ্যে ১৬ অক্টোবর ২০১৬ তারিখ রবিবার ০৮০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-১০৯১ ভিভিআইপি ফ্লাইটযোগে ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১৪) ৯ অক্টোবর ২০১৬ তারিখে যুক্তরাজ্যের বিরোধী দল লেবার পার্টির নেতা জেরেমি করবিন তাঁর ছায়া-মন্ত্রিসভায় বাংলাদেশি বংশোদ্ভূত মিজ্ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক এমপি-কে শ্যাডো মিনিস্টার ফর আর্লি ইয়ার্স এডুকেশন পদে নিযুক্ত করেন। ছায়া-মন্ত্রিসভায় মিজ্ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-এর নিযুক্তি বাংলাদেশ ও বাঙালির অবস্থানকে যুক্তরাজ্যসহ বৈশ্বিক পরিমণ্ডলে আরও গৌরবোজ্জ্বল ও সুসংহত করেছে। এই অর্জনের মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মিজ্ টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৪ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

(১৫) চাঁপাইনবাবগঞ্জের জেলা প্রশাসক জনাব মোঃ জাহিদুল ইসলাম ১৭ অক্টোবর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহে ... রাজিউন)। প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত জনাব মোঃ জাহিদুল ইসলামের পেশাদারিত্বমূলক অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণ, তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহুমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৪ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে অপর একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

(১৬) থাইল্যান্ডের রাজা এবং বাংলাদেশের শুভানুধ্যায়ী মহামান্য ভুমিবল আদুলাদেজ ১৩ অক্টোবর ২০১৬ তারিখে মৃত্যুবরণ করেন। এশিয়ার প্রাজ্ঞ নেতা মহামান্য ভুমিবল আদুলাদেজ-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে এবং থাইল্যান্ড রাজপরিবারের সদস্য ও জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৪ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

(১৭) সম্প্রতি যুক্তরাজ্যের বিরোধী দল লেবার পার্টির নেতা জেরেমি করবিন তাঁর ছায়া-মন্ত্রিসভায় বাংলাদেশি বংশোদ্ভূত মিজ্ রূপা হক এমপি-কে শ্যাডো মিনিস্টার ফর হোম অ্যাফেয়ার্স উইথ রেসপন্সিবিলিটি ফর ক্রাইম প্রিভেনশন পদে নিযুক্ত করেন। মিজ্ রূপা হকের যুক্তরাজ্যের লেবার পার্টির শ্যাডো মিনিস্টার ফর হোম অ্যাফেয়ার্স উইথ রেসপন্সিবিলিটি ফর ক্রাইম প্রিভেনশন পদে নিযুক্তি বাংলাদেশের জন্য নিঃসন্দেহে গৌরবের বিষয়। এ বিজয় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মিজ্ রূপা হককে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৪ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

(১৮) আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে দৈনিক/সাপ্তাহিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০২ অক্টোবর ২০১৬ তারিখে সকল জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) কক্সবাজার ইনানী সৈকতে হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে প্রাণহানি সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০২ অক্টোবর ২০১৬ তারিখে সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট জনাব মোঃ দেলোয়ার হোসেন কর্তৃক বিধি-বহির্ভূতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করে অনাকাঙ্খিত পরিস্থিতি সৃষ্টি করায় তাঁর অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা প্রত্যাহার এবং মাঠ প্রশাসন হতে তাঁকে প্রত্যাহার সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৩ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার কর্তৃক শ্রীমঙ্গল থানা পরিদর্শন প্রতিবেদনের বিষয়ে তাঁর কার্যালয়ে রক্ষিত আগ্নেয়াস্ত্র সংক্রান্ত তথ্যের বিবরণী প্রেরণের জন্য ০৩ অক্টোবর ২০১৬ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজারকে অনুরোধ করা হয়।

(২২) চাঁদপুর জেলার শিশু জান্নাতুল ফেরদৌসকে শারীরিক নির্যাতন সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ০২ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) মালয়েশিয়ায় আটক দু'জন বাংলাদেশি নাগরিককে স্বদেশে ফেরত আনার আবেদনের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০৯ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ইয়াংগন, মালয়েশিয়াকে পত্র প্রেরণ করা হয়।

(২৪) আগস্ট ২০১৬ মাসের বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১০ অক্টোবর ২০১৬ তারিখে সকল বিভাগীয় কমিশনার ও জেলা ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হয়ে।

(২৫) শারদীয় দুর্গাপূজা ২০১৬ উদ্‌যাপন উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণ ও প্রাসঙ্গিক বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য ১০ অক্টোবর ২০১৬ তারিখে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি কর্তৃক রামগড় থানা পরিদর্শন প্রতিবেদনের মতামতের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৩ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(২৭) সেপ্টেম্বর ২০১৬ মাসে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী বন্দোবস্ত প্রদানকৃত কৃষি খাস জমির কবুলিয়ত রেজিস্ট্রেশন, দখল হস্তান্তর এবং সংশ্লিষ্ট রেকর্ড হালনাগাদকরণ সংক্রান্ত বিষয়ে তথ্য প্রেরণের জন্য ১৩ অক্টোবর ২০১৬ তারিখে সকল জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) জেলা আইনশৃঙ্খলা কমিটির সভায় অনুপস্থিত কর্মকর্তাদের তথ্য প্রেরণ সংক্রান্ত বিষয়ে ১৮ অক্টোবর ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা-এর নাম ও মোবাইল নম্বর ব্যবহার করে অপপ্রচার চালানোর বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য ১৯ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে আইন-শৃঙ্খলা এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তাবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২০ অক্টোবর ২০১৬ তারিখে সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) জেলা ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা কর্তৃক কোতয়ালি থানা পরিদর্শন প্রতিবেদনের মন্তব্য/মতামতের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ১৯ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৩২) মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার দশম শ্রেণির ছাত্রী তাহমিনা আক্তারকে ধারালো অস্ত্র দ্বারা আঘাত করা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৩ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৩৩) জেলা প্রশাসক, ঠাকুরগাঁও-এর অফিসিয়াল সিম নম্বর ক্লোন করে টাকা দাবি করে প্রতারণা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৩ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) 'পূর্বাচল ক্ষতিগ্রস্তদের ভোগান্তির শেষ নেই: প্লটের আবেদনপত্র গায়েব দালালদের দৌরাত্ম্য' শিরোনামে প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য ২৩ অক্টোবর ২০১৬ তারিখে সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৩৫) মালয়েশিয়ায় আটক দু'জন বাংলাদেশি নাগরিককে স্বদেশে প্রত্যাবর্তন সংক্রান্ত বিষয়ে মালয়েশিয়াস্থ বাংলাদেশ হাই কমিশন হতে প্রাপ্ত পত্রের পরিপ্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণের জন্য ২৩ অক্টোবর ২০১৬ তারিখে জনাব চেহের আলী এবং জনাব নুরুল ইসলাম, সাং-পাগলির বিল, ডাকঘর: মরিচ্যা পালং, উপজেলা: উখিয়া, কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) কারাগারের আটক শিশু-কিশোরদের সেপ্টেম্বর ২০১৬ মাসের পরিসংখ্যান অনুযায়ী অনূর্ধ্ব ১৬ বছর বয়সী শিশু-কিশোরদের মুক্তিদানের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ১৭ আগস্ট ২০১৬ তারিখে জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৭) জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা কর্তৃক শ্যামনগর থানা পরিদর্শন প্রতিবেদনের মন্তব্য/মতামতের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৫ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৩৮) নিরাপদ খাদ্য আইন, ২০১৩-এর অধীনে মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৫ অক্টোবর ২০১৬ তারিখে সকল জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) 'বরিশালে ভ্রাম্যমাণ আদালতের বিচার নিয়ে প্রশ্ন তুলেছে পুলিশ' শিরোনামে যুগান্তর পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন এবং জেলা প্রশাসক, বরিশাল কর্তৃক প্রেরিত প্রতিবেদনের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য ২৫ অক্টোবর ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনার, বরিশাল বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার দুরছড়ি বাজারে অগ্নিকান্ড সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৬ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪১) কুমিল্লা জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর/গুরুতর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের ২৬ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪২) বন্য হাতির আক্রমণে ক্ষয়ক্ষতি সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসক, শেরপুর কর্তৃক প্রতিবেদনের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৬ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৩) জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল কর্তৃক বাকেরগঞ্জ থানা পরিদর্শন প্রতিবেদনের মন্তব্য/মতামতের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৭ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৪৪) খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন রুদাঘরা ইউনিয়নের মিকশিমিল বাজারে কালী প্রতিমার মস্তক ভাঙ্গা সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য ৩০ অক্টোবর ২০১৬ তারিখে জেলা প্রশাসক, ভোলাকে অনুরোধ করা হয়েছে।

(৪৫) 'দৈনিক যুগান্তর' পত্রিকায় 'কর্মচারীর হাত ভেঙ্গে দিলেন বোরহানউদ্দিনের ইউএনও' শিরোনামে প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ৩০ অক্টোবর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৪৬) ব্রাহ্মণবাড়িয়া জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০১ নভেম্বর ২০১৬ তারিখে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(৪৭) সিলেট জেলার স্পর্শকাতর ও চাঞ্চল্যকর ঘটনা সংশ্লিষ্ট প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০১ নভেম্বর ২০১৬ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়; সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় এবং সচিব, রেলপথ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৮) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান দখলদার সেনাবাহিনী এবং তাদের সহযোগী বাহিনী যুদ্ধাপরাধ, গণহত্যা, হত্যা, ধর্ষণ, ধর্মান্তরিতকরণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ এবং অন্যান্য মানবতাবিরোধী অপরাধ তদন্তের জন্য তথ্য-উপাত্ত সরবরাহ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ০১ অক্টোবর ২০১৬ তারিখে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৯) রংপুর সুগার মিলের বাগদা ফার্ম এলাকার সরকারি জমি হতে অবৈধ দখলদার উচ্ছেদ সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসক, গাইবান্ধা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ৩১ অক্টোবর ২০১৬ তারিখে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়; সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫০) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ১৯ জন, নথিভুক্তির জন্য ১৬৬ জন সরকারি কর্মকর্তার/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(৫১) বিভিন্ন আইনে ০৯ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৫২) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ সেপ্টেম্বর ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(৫৩) প্রাথমিক শিক্ষা পদক প্রদান নীতিমালার (জ)(২)-এর সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগ হতে অনুরোধ জানিয়ে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবরে পত্র দেওয়া হয়।

(৫৪) Data base তৈরির লক্ষ্যে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের কার্যালয় হতে প্রেরিত বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকগণের নামের বাংলা ও ইংরেজি বানান এবং কার্যকাল যাচাইপূর্বক হার্ড কপি ও সফ্‌ট কপি মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ

প্রশাসন সংস্থাপন অধিশাখার ই-মেইল নম্বর email: gfa_branch@cabinet.gov.bd-এ পত্র প্রাপ্তির ২০ কর্ম দিবসের মধ্যে প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়।

(৫৫) চীনের মহামান্য রাষ্ট্রপতির বাংলাদেশে সরকারি সফরকালে ১৫ অক্টোবর ২০১৬ তারিখ সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণকালে তাঁকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক, ঢাকাকে নির্দেশনা প্রদান করা হয়।

(৫৬) জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ জনাব মোঃ জাহিদুল ইসলাম-এঁর আকস্মিক মৃত্যু খবর সংবলিত পত্রের চিত্রপ্রতিলিপি সদয় অবগতির জন্য প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় ও সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করা হয়।

(৫৭) ২১ অক্টোবর ২০১৬ তারিখে ঢাকাস্থ International Convention City Bashundhara (ICCB)-তে অনুষ্ঠিয় পুরস্কার প্রদান/গ্রহণ অনুষ্ঠানে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেরা জেলা প্রশাসক, চাঁদপুর জনাব মোঃ আব্দুস সবুর মন্ডল, সেরা উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ জনাব জিলাল হোসেন এবং সেরা সহকারী কমিশনার (ভূমি), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ জনাব উসমান গণিকে মনোনীত হওয়ায় উল্লিখিত কর্মকর্তগণের আইসিটি সেল থেকে প্রাপ্ত তথ্যাদি সংবলিত পত্রের চিত্রপ্রতিলিপি উপসচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হয়।

(৫৮) জনাব মো: আব্দুল বারিক, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৩ জুলাই ২০১৬ তারিখে পটুয়াখালী জেলা পরিদর্শন; ১৪ জুলাই ২০১৬ তারিখে পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলা পরিদর্শন; এবং জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ০৬ সেপ্টেম্বর ২০১৬ তারিখে বরিশাল জেলার গৌরনদী উপজেলা পরিদর্শন করে একটি করে প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৫৯) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২৩ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৫ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার এবং ০১ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৬০) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এল.এ শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য দু'টি জেলার জেলা প্রশাসক বরাবর মোট চারটি পত্র প্রেরণ করা হয়।

(৬১) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত সেপ্টেম্বরের দ্বিতীয় ও অক্টোবরের প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়।

(৬২) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৩) টেকনাফ-সেন্টমার্টিন রুটে এপ্রিল থেকে নভেম্বর পর্যন্ত সময়ে জাহাজ/নৌযানসমূহের ভয়েজ লাইসেন্স ইস্যুকরণের বিষয়ে নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৪) মাননীয় প্রধানমন্ত্রীর কুড়িগ্রাম সফর উপলক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৫) মহামান্য রাষ্ট্রপতির চট্টগ্রাম সফর উপলক্ষ্যে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৬) ভারত-বর্ষে নারী মুক্তি ও নারী শিক্ষার অগ্রদূত নবাব ফয়জুন্নেছার জীবনী ও মানব সেবায় তাঁর অবদান পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্তকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৭) ময়মনসিংহের জেলা পরিষদ ভবন থেকে বাংলাদেশ শিশু একডেমি ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি অফিস অন্যত্র স্থানান্তর করে কক্ষগুলি বিভাগীয় কমিশনারের অনুকূলে বরাদ্দ প্রদানের বিষয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৬৮) জেলা প্রশাসকগণের অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনার এপ্রিল-জুন ২০১৬ প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন মূল্যায়ন/পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে অবহিত করা হয়।

(৬৯) মহান বিজয় দিবস এবং বিশ্ব খাদ্য দিবস ২০১৬ উদ্‌যাপন উপলক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭০) হতদরিদ্রদের জন্য ১০ টাকা/কেজি মূল্যে চাল বিতরণ কার্যক্রম পরিবীক্ষণের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭১) বিপিএটিসি'র কর্মচারীদের যাতায়াত ভাতা ও বাড়িভাড়া ভাতা ঢাকা শহরে কর্মরত কর্মচারীদের প্রাপ্যতার অনুরূপ হারে প্রদানের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের মতামত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(৭২) ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে মা ইলিশ আহরণ থেকে বিরত থাকা জেলেদের জন্য বিশেষ ভিজিএফ খাদ্যশস্য বরাদ্দের বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৩) পাথর উত্তোলন/আহরণের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৭৪) কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচির আওতায় বরাদ্দকৃত অর্থের ওপর অগ্রিম আয়কর ও ভ্যাট মওকুফের বিষয়ে অর্থ বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ এবং খাদ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৭৫) জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা এবং প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৬ অনুষ্ঠানে সহায়তা প্রদানের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৬) আরএফ বিল্ডার্স-এর কক্সবাজারের প্রকল্পসমূহের সমস্যাবলি নিরসনে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে জেলা প্রশাসক, কক্সবাজারের মতামত চাওয়া হয়।

(৭৭) সরকারি হাট-বাজারসমূহের ইজারালব্ধ আয়ের ৪ শতাংশ অর্থ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের নির্ধারিত ব্যাংক হিসাবে জমা প্রদানের বিষয়ে সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৮) ০৫ অক্টোবর ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ও জাপান আন্তর্জাতিক সহযোগী সংস্থা (জাইকা)-এর সহযোগিতায় 'National Integrity Stratety Support Project' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের অনুকূলে ২০১৬-১৭ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত ৬৭.০০ লক্ষ টাকা থেকে ২য় কিস্তি বাবদ রাজস্ব খাতের ৪৪.২৫ লক্ষ টাকা অবমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিকল্পনা ও উন্নয়ন শাখায় অনুরোধ জানানো হয়।

(৭৯) ০৫ অক্টোবর ২০১৬ তারিখে কোরীয় সরকারের Knowledge Sharing Program (KSP)-এর আওতায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িতব্য প্রকল্প প্রস্তাব ঢাকাস্থ কোরীয় দূতাবাসে প্রেরণের লক্ষ্যে Demand Survey for KSP সংক্রান্ত ফর্মটি যথাযথভাবে পূরণ করে অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়।

(৮০) ১৬ অক্টোবর ২০১৬ তারিখে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৬ চূড়ান্তকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সংস্কার)-এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়।

(৮১) ১৮ অক্টোবর ২০১৬ তারিখে জনস্বার্থ-সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা প্রদান) বিধিমালা ২০১৫ চূড়ান্ত করার লক্ষ্যে নিরীক্ষা (ভেটিং)-এর নিমিত্ত এ সংশ্লিষ্ট নথিটি (সংশ্লিষ্ট বিধিমালার সফট্‌কপি ও তিন সেট হার্ডকপিসহ) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়।

(৮২) সুনামগঞ্জ, ফরিদপুর এবং ঢাকা জেলায় 'Awareness Raising on Natinal Integrity Srtategy (NIS)' শীর্ষক কর্মশালা আয়োজনের লক্ষ্যে জেলা প্রশাসক, ঢাকা বরাবর ৩.০০ (তিন) লক্ষ টাকার চেক ইস্যু করা হয়।

(৮৩) ২৮ অক্টোবর ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে এবং জেলা প্রশাসক, পটুয়াখালী-এর সহযোগিতায় পটুয়াখালী জেলায় 'Awareness Raising on Natinal Integrity Srtategy (NIS)' শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হয়।

(৮৪) ৩০ অক্টোবর ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের উদ্যোগে এবং জেলা প্রশাসক, ঢাকা-এর সহযোগিতায় ঢাকা জেলায় 'Awareness Raising on National Integrity Srtategy' শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হয়।

(৮৫) মাঠপর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার)-এর ফরমেট অনুমোদনের নিমিত্ত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় উপস্থাপনের জন্য প্রেরণ করা হয়।

(৮৬) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Building Capacity for the use of Research Evidence (BCURE) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প কর্তৃক আয়োজিত শিক্ষা সফরের জিও জারি করা হয়।

(৮৭) GRS Software প্রণয়নের Domain সাব-কমিটির সভার আয়োজন করা হয়।

(৮৮) Building Capacity for the Use of Research Evidence (BCURE) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের PIC সভার আয়োজন করা হয়।

(৮৯) জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) সচিবালয়ের সাংগঠনিক মর্যাদা নির্ধারণ এবং জাতীয় দক্ষতা ও রেমিটেন্স সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রিসভা কমিটির আবশ্যকতা ও কার্যপরিধি নিরূপণ বিষয়ক সভার আয়োজন করা হয়।

(৯০) অভিযোগ নিষ্পত্তির জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)-এর পদ সম্পর্কে স্পষ্টীকরণ বিষয়ে ৪৯টি মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৯১) সকল মন্ত্রণালয়/বিভাগে সেবা প্রদান প্রতিশ্রুতি ও GRS সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

গ. আগামী দুই (নভেম্বর-ডিসেম্বর) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৫-১৬ অর্থ-বছরের কার্যাবলি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(৮) দশম জাতীয় সংসদের ২০১৭ সালের প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম।

(৯) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(১০) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদি সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভসে হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(১১) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১২) জেলা-সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৯তম সভা অনুষ্ঠান।

(১৩) সিআরভিএস বাস্তবায়ন কমিটির তৃতীয় সভা অনুষ্ঠান।

(১৪) নিকার-এর ১১৩তম সভা অনুষ্ঠান।

(১৫) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(১৬) Civil Registration and Vital Statistics in Bangladesh শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রণয়ন।

(১৭) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা।

(১৮) স্বাধীনতা পুরস্কার ২০১৭-এর জন্য প্রস্তাব আহ্বান।

(মুহাম্মাদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd